# Visit of Foreign Secretary to Afghanistan (February 28-29 2020)

February 29, 2020

## বিদেশ সচিবের আফগানিস্তান সফর (ফেব্রুয়ারী 28-29 2020)

ফেব্রুয়ারী 29,2020

1. বিদেশ সচিব শ্রী হর্ষবর্ধন শৃঙ্গলা 28-29 ফেব্রুয়ারী 2020 তারিখে আফগানিস্তান সফর করেছেন।একমাস আগে বিদেশ সচিবের দায়িত্বভার গ্রহণ করার পরে এটাই ছিল তার প্রথম বিদেশ সফর।দুই দেশের মধ্যে কৌশলগত অংশদারিত্বকে তিনি দৃষ্টিগোচরে এনেছেন।

2. তার সফর চলাকালীন তিনি রাস্ট্রপতি ড.আশরফ ঘানি, মুখ্য কার্যকর্তা ড. আবদুল্লা আবদুল্লা এবং ভুতপূর্ব রাস্ট্রপতি মাননীয় হামিদ কারজাইয়ের সাথে সাক্ষাৎ করেন।তিনি প্রথম নির্বাচিত প্রথম উপ রাস্ট্রপতি মাননীয় আমরুল্লাসালেহ, এনএসএ ড. হামিদুল্লামহিব, কার্যকরি বিদেশ মন্ত্রী মাননীয় মহম্মদ হারুন চাখানসুরি এবং কার্যকরি অর্থমন্ত্রী মাননীয় আবদুল জারদান-এর সাথেও সাক্ষাৎ করেন। তিনি আলাদাভাবে রাজনীতি, গণমাধ্যম, সুশীল সমাজ এবং শিক্ষা জগতের বিভিন্ন বিশাল সংখ্যক নেতৃবৃন্দের সাথেও আলাপ-আলোচনা করেন।

3. আফগান নেতৃবৃন্দের সাথে সাক্ষাৎকালে, বিদেশ সচিব দুই প্রতিবেশী এবং কৌশলগত অংশদারী দেশের মধ্যে রাজনৈতিক, অর্থনৈতিক এবং বিকাশের ক্ষেত্রে অংশদারিত্ব দৃঢ় করার প্রতিজ্ঞাবদ্ধতার কথা পুণরায় উল্লেখ করেন। তিনি আফগানিস্তানের সমাজের সকল অংশের স্বার্থ সংরক্ষিত রাখার লক্ষ্যে এক স্বাধীন, সার্বভৌম,গণতান্ত্রিক, বহুত্ববাদী এবং একীভুত আফগানিস্তানকে ধারাবাহিকভাবে সহযোগিতা প্রদানের কথাও পুণরায় উল্লেখ করেন।তিনি স্থায়ী এবং ব্যাপক শান্তি ও সমন্বয়ে ভারতের সাহায্য প্রদানের কথা ব্যক্ত করেন যা কিনা আফগান-নেতৃত্ব,আফগান-অধিকৃত এবং আফগান-নিয়ন্ত্রিত।আফগানিস্তানে স্থায়ী শান্তির জন্য বাইরের থেকে মদতপুষ্ট সন্ত্রাসবাদকে শেষ করার প্রয়োজনীয়তার উপরে রেখাপাত করেন।

4. বিদেশ সচিব চতুর্থ রাস্ট্রপতি নির্বাচন শেষ করা এবং তার ফলপ্রকাশ করার জন্য আফগানিস্তান সরকার এবং সে দেশের জনগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন।সাম্প্রতিক ঘটনাক্রম এবং পরিস্থিতিতে উদ্ভূত শান্তির আশার প্রতি নজর রেখে, তিনি দেশের নাগরিকদের স্থায়ী শান্তি এবং সুরক্ষার লক্ষ্যে এক সাথে কাজ করার জন্য রাজনৈতিক নেতৃত্বের সর্ব অংশের যোগদানের আবশ্যকতাকে পুণরায় উল্লেখ করেছেন।

5. আফগান নেতৃত্ব আফগানিস্তানের শান্তি, বিকাশ এবং উন্নতির জন্য ভারতের সহযোগিতাকে উষ্চ প্রশসা করেছেন, যার মধ্যে আঞ্চলিক যোগসূত্র স্থাপনের প্রচেষ্টা , যেমন, চাহাবার বন্দরের সঞ্চালন এবং ভারত ও আফগানিস্তানের মধ্যে বিভিন্ন শহরের এয়ার ফ্রেইট করিডর স্থাপন করা অন্তর্ভুক্ত রয়েছে।সফর চলাকালীন ভারতীয় বিকাশ সহায়তার সাথে আফগানিস্তানের বামিয়ান এবং মজার-ই-শ্রীফ প্রান্তে সড়ক পরিযোজনার জন্য চুক্তিপত্র স্বাক্ষরিত হয়েছে। কৌশল্লত অংশদারিত্ব সহমতের ভিত্তিতে নব্য বিকাশের অংশদারীত্ব এবং পরবর্তী সহযোগিতা বৃদ্ধিকে বাস্তবায়িত করার জন্য একযোগে কাজ করার বিষয়ে সহমত হয়েছে।

কাবুল

ফেব্রুয়ারী 29,2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.